

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
আইপিএইচ স্কুল রোড
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০১.১৯.০০২.১৯-


তাং- ০৮/১৪২৭ বঙ্গাব্দ
১২/২০২০ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ ব্যক্তিগত শুনানী প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, ড. বিপ্লব হালদার, নার্সিং ইনস্ট্রাক্টর, শহীদ তাজউদ্দিন আহম্মেদ নার্সিং কলেজ (সাবেক নার্সিং ইনস্টিটিউট, টাঙ্গাইল) এর বিরুদ্ধে বিভাগীয় মামলায় তিনি অভিযোগনামার জবাব দাখিল করেছেন। তার দাখিলকৃত জবাব কর্তৃপক্ষ কর্তৃক যথাযথ গুরুত্বের সাথে পর্যালোচনা করা হয়েছে। তার জবাব বিবেচনায় কর্তৃপক্ষ ব্যক্তিগত শুনানী গ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

২। এমতাবস্থায় আগামী ২২.১২.২০২০ ইং তারিখ রোজ মঙ্গলবার সকাল ১১.০০ ঘটিকায় নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর মহাপরিচালক মহোদয় কর্তৃক বিভাগীয় মামলায় ব্যক্তিগত শুনানীতে উপস্থিত থাকার জন্য তাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ড. বিপ্লব হালদার
নার্সিং ইনস্ট্রাক্টর
শহীদ তাজউদ্দিন আহম্মেদ নার্সিং কলেজ
গাজীপুর।



শোভা শাহনাজ
উপসচিব

পরিচালক (শৃঙ্খলা)

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

ই-মেইল-info@dgnm.gov.bd

ফোন নং- ৯১৩৬৬৭৪

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০১.১৯.০০২.১৯- ২৮২/২(৭)
অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

তাং- ০৮/১৪২৭ বঙ্গাব্দ
১২/২০২০ খ্রিষ্টাব্দ

১। সিভিল সার্জন, গাজীপুর/ টাঙ্গাইল।

২। উপপরিচালক, পিএমআইএস শাখা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এ পত্রটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।

৩। অধ্যক্ষ, শহীদ তাজউদ্দিন আহম্মেদ নার্সিং কলেজ, গাজীপুর।

৪। জেলা পাবলিক হেলথ নার্স, সিভিল সার্জন অফিস, গাজীপুর/ টাঙ্গাইল।

৫। নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ, নার্সিং ইনস্টিটিউট, টাঙ্গাইল।

৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

৭। অফিস কপি।



উপপরিচালক (শৃঙ্খলা)

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর,

মহাখালী, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
আইপিএইচ স্কুল রোড
মহাখালী, ঢাকা-১২১২
www.dgnm.gov.bd

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.৯০৮.২০২০.

তারিখ- ০৮/১৪২৭ বঙ্গাব্দ
/১২/২০২০ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ কারণ দর্শানো প্রসঙ্গে।

জনাব মোসাঃ মুন্নি আক্তার, (পিতাঃ মোঃ মজিবর রহমান), সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নাগেশ্বরী, কুড়িগ্রাম এর বিরুদ্ধে এই মর্মে অভিযোগ উত্থাপিত হয়েছে যে, তার স্বামী সোয়েব বিভিন্ন মোবাইল নাম্বার ব্যবহার করে ডিজি নার্সিং অ্যান্ড মিডওয়াইফারী মহোদয়ের পরিচয় দিয়ে বিভিন্ন প্রকার ভয় ভীতি ও ছমকি প্রদর্শন করে আসছে। যোগদানের পর হতে মোছাঃ মুন্নি আক্তার ও তার স্বামী সোয়েব উক্ত স্বাস্থ্য কমপ্লেক্সের ক্যাম্পাসে বসবাসরত সকল সিনিয়র স্টাফ নার্স এবং অন্যান্য কর্মকর্তা কর্মচারীর সহিত অহেতুক ঝগড়া বিবাদ এমনকি হাতাহাতিতে জড়িয়ে পড়ছে। স্থানীয়ভাবে একাধিকবার সতর্ক করা হলেও তাদের আচরণের কোনরূপ পরিবর্তন হয়নি। হাসপাতাল ক্যাম্পাসে বসবাসরত কর্মকর্তা এবং উদ্ধতন কর্তৃপক্ষ কে সেনাবাহিনীর কর্নেল, ব্রিগেডিয়ার, জেনারেল, মেজর, এমনকি স্থানীয় সংসদ সদস্য পরিচয় দিয়ে ফোন করেন।

২। বর্ণিতাবস্থায়, তার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে তাকে কারণ দর্শাতে নির্দেশ প্রদান করা হলো।

জনাব মোসাঃ মুন্নি আক্তার
পিতাঃ মোঃ মজিবর রহমান
সিনিয়র স্টাফ নার্স
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স
নাগেশ্বরী, কুড়িগ্রাম

শ্রীঃ
শোভা শাহনাজ
উপসচিব
পরিচালক (শৃংখলা)
(মহাপরিচালকের পক্ষে)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ই-মেইলঃ info@dgnm.gov.bd

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.২৭৮.২০২০. ২৮৩/০ (৬)

তারিখ- ০৮/১৪২৭ বঙ্গাব্দ
/১২/২০২০ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থেও কার্যার্থেঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১। সিভিল সার্জন, কুড়িগ্রাম।

২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নাগেশ্বরী, কুড়িগ্রাম।

৩। জেলা পাবলিক হেল্থ নার্স, সিভিল সার্জন অফিস, কুড়িগ্রাম।

৪। উপপরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।

৬। অফিস কপি।

সালেহা পারভীন
২৬/০২/২০২০

সালেহা পারভীন
উপপরিচালক (শৃংখলা)

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২